



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
প্রশিক্ষণ ও শারীরিক শিক্ষা শাখা
গাইড হাউস (৭ম ও ১০ম তলা) নিউ বেইলি রোড, ঢাকা
www.dme.gov.bd



স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৬.২১.০০১.১৮.১১৪

তারিখ: ১২ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ
২৭ জুলাই ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়: মাল্টিমিডিয়া কনটেন্ট তৈরি ও ব্যবহার বিষয়ক ১ (এক) দিনের প্রশিক্ষণ নিজস্ব ব্যবস্থাপনায় আয়োজন ও পরবর্তীতে মাল্টিমিডিয়ার ব্যবহার সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, '২০৪১ সনের মধ্যে স্মার্ট ও উন্নত বাংলাদেশ' বিনির্মাণে মাদ্রাসা শিক্ষার গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। আধুনিক তথ্য ও প্রযুক্তির বিকাশের সাথে সামঞ্জস্য রেখে মাদ্রাসার শিক্ষার্থীদেরকে শ্রেণিকক্ষে প্রায়োগিক শিক্ষা প্রদান করা জরুরি। ইতোমধ্যে সরকারি/বেসরকারি/স্থানীয় সহযোগিতায় অনেক মাদ্রাসায় মাল্টিমিডিয়া শ্রেণিকক্ষ স্থাপন করা হয়েছে। শ্রেণিকক্ষে পাঠদান অধিকতর কার্যকরি ও বোধগম্য করার লক্ষ্যে মাল্টিমিডিয়ার ব্যবহার অত্যন্ত গুরুত্বপূর্ণ। এমতাবস্থায়, যে সকল মাদ্রাসায় মাল্টিমিডিয়া শ্রেণিকক্ষ রয়েছে; সে সকল মাদ্রাসায় নিম্নোক্ত পদক্ষেপ গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো:

- (ক) প্রত্যেক মাদ্রাসায় গভর্নিংবডি/ম্যানেজিং কমিটির সহায়তায় আইসিটি শিক্ষকের তত্ত্বাবধানে আগামি ২০ আগস্ট ২০২৩ তারিখের মধ্যে মাল্টিমিডিয়া কনটেন্ট, এমএস পাওয়ার পয়েন্ট ইত্যাদি তৈরি, মাল্টিমিডিয়া ব্যবহার ও ব্যবস্থাপনা বিষয়ক ১ (এক) দিনের প্রশিক্ষণের আয়োজন করতে হবে;
 - (খ) সংশ্লিষ্ট মাদ্রাসার অধ্যক্ষ/উপাধ্যক্ষ, সুপার/সহকারী সুপার, সকলস্তরের শিক্ষক, অফিস সহকারীগণ বর্ণিত প্রশিক্ষণ গ্রহণ করবেন;
 - (গ) প্রশিক্ষণ গ্রহণের পর প্রত্যেক শিক্ষক সপ্তাহে কমপক্ষে ৫ (পাঁচ)টি ক্লাশ মাল্টিমিডিয়া ব্যবহার করে পাঠদান সম্পন্ন করবেন;
 - (ঘ) প্রত্যেক শিক্ষকের পাঠদানে ব্যবহৃত মাল্টিমিডিয়া ক্লাসের কনটেন্টসমূহ অধ্যক্ষ/সুপারের তত্ত্বাবধানে সফটকপি হিসেবে প্রতিষ্ঠানে সংরক্ষণ করবেন। স্থানীয় প্রশাসন কিংবা উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক পরিদর্শনকালে উক্ত কনটেন্টসমূহ দেখাতে হবে;
 - (ঙ) মাল্টিমিডিয়া শ্রেণিকক্ষে ব্যবহৃত যন্ত্রপাতি ও উপকরণসমূহ মাদ্রাসার নিজস্ব তহবিল থেকে যথাযথভাবে রক্ষণাবেক্ষণ করতে হবে।
- ২। উপরিউক্ত নির্দেশনা যথাযথভাবে প্রতিপালনের জন্য অনুরোধ করা হলো।

২৭-০৭-২০২৩
হাবিবুর রহমান
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

অধ্যক্ষ/সুপার, (সকল বেসরকারি মাদ্রাসা)।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৬.২১.০০১.১৮.১১৪/১ (১১)

তারিখ: ১২ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ
২৭ জুলাই ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অতিরিক্ত সচিব, (প্রশাসন ও অর্থ অনুবিভাগ)/(মাদ্রাসা অনুবিভাগ), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ;
- ২। বিভাগীয় কমিশনার, (সকল);
- ৩। জেলা প্রশাসক, (সকল);
- ৪। অধ্যক্ষ, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট, গাজীপুর/ সরকারি মাদ্রাসা-ই-আলিয়া, ঢাকা/সরকারি মাদ্রাসা-ই আলিয়া, সিলেট/সরকারি মোস্তাফাবিয়া আলিয়া মাদ্রাসা, বগুড়া;
- ৫। সকল কর্মকর্তা, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
- ৬। সিনিয়র সচিবের একান্ত সচিব (সিনিয়র সহকারী সচিব), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ;
- ৭। উপজেলা নির্বাহী অফিসার, (সকল);
- ৮। জেলা শিক্ষা অফিসার, (সকল);
- ৯। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, (সকল);
- ১০। সভাপতি, ম্যানেজিং কমিটি/গভর্নিংবডি, (সকল মাদ্রাসা)। এবং

১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।



A handwritten signature in black ink, appearing to be 'Sulthan'.

৩১-০৭-২০২৩
মোঃ সুলতান আহমেদ
সহকারী পরিচালক